

জনগণের প্রতি সহায়তা মূল্যায়ন খাদ্য, ক্যাশ, চিকিৎসা এবং কর্মহীনতার সুবিধাদি



পাবলিক মেডিকেল অ্যাসিস্ট্যান্স

মিশিগান বিভিন্ন যোগ্যতার মানদণ্ড সহ বিভিন্ন চিকিৎসা সহায়তা প্রোগ্রাম সরবরাহ করে থাকে। মেডিকেডের জন্য প্রাথমিক যোগ্যতার মানদণ্ডের মধ্যে রয়েছে মিশিগানে বসবাস করা, স্বল্প আয়ের পরিবারে বসবাস করা এবং যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়া বা আইনিভাবে যুক্তরাষ্ট্রের বাসিন্দা হওয়া।

মিশিগান ব্রিজ ওয়েবসাইটটি এখানে দেখুন:

<https://www.michigan.gov/mdhhs>

অথবা আপনি কোন প্রোগ্রামের জন্য যোগ্য হতে পারেন তা দেখার জন্য লোকাল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিস অফিসে কল করুন।

আন এমপ্লয়মেন্ট বেনেফিটস

যেসকল ব্যক্তির সম্প্রতি অনাকাঙ্ক্ষিতভাবে চাকুরী হারিয়েছেন বা মজুরিতে উল্লেখযোগ্য হ্রাস পেয়েছেন তারা মিশিগান রাজ্যে বেকারত্ব সুবিধা পাওয়ার জন্য যোগ্য। অভিবাসীরা কাজের অনুমোদনের যোগ্য হবে যতক্ষণ তারা:

- ১) গত ৬ মাসে রাজ্য-নির্ধারিত ন্যূনতম পারমাণ মজুরি পূরণ করেছেন
- ২) সক্রিয়ভাবে কাজ খুঁজছেন

আরও জানতে এবং আবেদন করতে মিশিগান ডিপার্টমেন্ট অফ লেবর আনইমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স ওয়েবসাইটে যান [michigan.gov/leo/](https://www.michigan.gov/leo/) বা তথ্য ডেস্ক এ কল করুন (866)-500-0017

রিফিউজি অ্যাসিস্ট্যান্স এবং মাইগ্রেন্ট ওয়ার্কার সার্ভিসেস

মিশিগান রাজ্যটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের পরে আট মাস পর্যন্ত শরণার্থীদের নগদ অর্থ এবং চিকিৎসা সহায়তা সরবরাহ করে থাকে।

নিয়োগ সেবা, হেলথ স্ক্রিনিং, নাবালকদের জন্য লালন-পালন এবং অভিবাসী কর্মীদের জন্য নির্দিষ্ট সেবাসমূহ মিশিগান ব্রিজ দিয়ে থাকে।

বিস্তারিত জানতে এবং আবেদন করতে লোকাল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিস অফিসে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন: <https://www.michigan.gov/mdhhs>

চাইল্ড কেয়ার অ্যাসিস্ট্যান্স

আপনি যদি চাইল্ড কেয়ার সেবা গ্রহণ করতে সামর্থ্যবান না হন, স্বল্প আয়ের পরিবার যেখানে প্রাপ্ত বয়স্করা কর্মরত আছেন বা স্কুলে আছেন তাদের জন্য আর্থিক সহায়তার ব্যবস্থাও রয়েছে।

আরও জানতে ভিজিট করুন মিশিগান ডিপার্টমেন্ট অফ এডুকেশন ওয়েবসাইটে:

<https://www.michigan.gov/mdhhs>

মিশিগান ব্রিজেস:

ফুড অ্যান্ড কাশ অ্যাসিস্ট্যান্স

খাদ্য সহায়তার জন্য:

- অবশ্যই মিশিগানের বাসিন্দা হতে হবে
- স্বল্প আয়ের পরিবার হতে হবে
- অবশ্যই যুক্তরাষ্ট্রের নাগরিক, শরণার্থী, বিশেষ শ্রেণির অভিবাসী, একজন আইনগতভাবে স্থায়ী বাসিন্দা যার U.S. Military এর সাথে সম্পৃক্ততা নেই অথবা বিদেশে জন্মগ্রহণকারী ১৮ বছরের কম বয়সী

অস্থায়ী নগদ সহায়তার জন্য:

- অবশ্যই মিশিগানের বাসিন্দা হতে হবে
- অপ্রাপ্তবয়স্ক শিশু বা গর্ভবতী মহিলার সাথে স্বল্প আয়ের পরিবার
- অবশ্যই যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা বিশেষ শ্রেণির অভিবাসী হতে হবে
- ১৮ বছরের কম বয়সী বিদেশে জন্মগ্রহণকারী বাচ্চারাও যোগ্য

সহায়তার জন্য আবেদন করতে এবং সহায়তা গ্রহণের যোগ্য কিনা যাচাই করতে মিশিগান ব্রিজ এ যোগাযোগ করুন এবং আপনার অ্যাকাউন্ট পরিচালনা করুন। ভিজিট করুন:

<https://www.michigan.gov/mdhhs>



যারা এই জনসাধারণ সহায়তা সেবা গ্রহণের উপযুক্ত নন, অনুগ্রহ করে আমাদের কমিউনিটি রিসোর্স গাইড ভিজিট করুন:

at <https://refugees.org/uscri-detroit/>